

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৩৯১

ধর্মনগর, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

ধর্মনগরে জমি সংক্রান্ত মামলা নিয়ে বিশেষ শিবির

উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে গতকাল জমি সংক্রান্ত মামলা নিয়ে এক বিশেষ শিবির অনুষ্ঠিত হয়। ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে অনুষ্ঠিত এই শিবিরে ১৫০টি জমি সংক্রান্ত মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এর মধ্যে ধর্মনগর মহকুমার ৯০টি, পানিসাগর মহকুমার ২৯টি ও কাঞ্চনপুর মহকুমা ৩১টি মামলা ছিল। শিবিরে ৫২টি মামলা নিষ্পত্তি হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক এল দার্লং এবং জেলা পঞ্চায়েত আধিকারিক সুমন রক্ষিত।

\*\*\*\*\*